মেহেরপুর পৌরসভার উদ্যোগে টিন বিতরণ

মেহেরপুর পৌরসভার উদ্যোগে ৪ নং ওয়ার্ডের এক দুস্থ পরিবারকে টিন বিতরণ করা হয়।

বৃহস্পতিবার সকালে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন তাদের হাতে এ টিন তুলে দেন।

এসময় উপস্থিত ছিলেন, প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, ৭ নং ওয়ার্ড কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, ২ নং ওয়ার্ড কাউন্সিলর আব্দুল্লাহ আল মামুন,

৩ নং ওয়ার্ড কাউন্সিলর সৈয়দ আবু আব্দল্লাহ বাপ্পি, ৪ নং ওয়ার্ড কাউন্সিলর ইভান, মহিলা কাউন্সিলর আল্পনা খাতুন প্রমুখ।

মেপ্র/এমএফআর

ওষুধ কোম্পানীর প্রতিনিধিদের দৌরাত্মে অতিষ্ঠ (ভিডিও সহ)

মেহেরপুর জেনারেল হাসপাতালে ওষুধ কোম্পানীর প্রতিনিধিদের দৌরাত্মে অতিষ্ঠ হাসপাতাল কতৃপক্ষ। নির্দিষ্ট সময় বেধে দিলেও সেদিকে কোন কান দেন না এই সব রিপ্রেজেন্টেটিভরা।

হাসপাতালের পরিবেশ সুষ্ঠ রাখতে পুলিশ ক্যাম্প বসানো হলেও খুব একটা কাজ হচ্ছে না। বুধবার সকালে হাসপাতালের তত্বাবধায়ক তাহাজ্জেল হোসেন নিজেই এক ওষুধ কোম্পানীর রিপ্রেজেন্টেটিভকে ধরে পুলিশে দিলেও অজ্ঞাত কারনে তাকে ছেড়ে দিতে হয়।

সপ্তাহের দুইদিন শনিবার ও মঙ্গলবার রিপ্রেজেন্টেটিভদের জন্য নির্ধারন থাকলেও প্রতিদিনিই তাদের আনাগোনা হাসপাতাল প্রাঙ্গনে।

ডাক্তারদের বিভিন্ন ধরনের উপঢৌকন দিয়ে তাদের সাথে সু-সম্পর্ক তৈরি করে নিজ কোম্পানীর ওষুধ প্রেসক্রিপশনে লিখে নেওয়াই হচ্ছে তাদের উদ্দেশ্য। ডাক্তার চেম্বার থেকে রোগী বের হওয়ার সাথে সাথে তাদের দৌড়ঝাপ শুরু হয়ে যায় প্রেসক্রিপশন দেখা নিয়ে। পকেট থেকে স্মার্ট ফোন বের ছবিও তুলে নেন প্রেসক্রিপ্সনের।

বুধবার দুপুরের আগে হাসপাতালে গিয়ে দেখা এই চিত্র। বেশ কয়েকজন ওষুধ কোম্পানীর প্রতিনিধিরা ডাক্তারের চেম্বারে কেউ কেউ প্রেসক্রিপশনের ছবি তোলা নিয়ে ব্যাস্ত আবার কয়েকজন বাইরে অপেক্ষ করছে।

৭০ বছরের বৃদ্ধ গনী মেম্বর, ডাক্তারের চেম্বার থেকেই বের হতেই ড্রাগ ইন্টারন্যাশনাল এর প্রতিনিধি মেহেদী হাসান তার হাতে থাকা প্রেসক্রিপশন টা নিয়ে ছবি তুলে নিলেন। জিজ্ঞেস করতেই বলে উঠলেন, কোম্পানীকে দেখাতে হয়। হাসপাতাল কতৃপক্ষ আপনাদের জন্য নির্দিষ্ট দিন ঠিক করে দিয়েছে আজ কেন। এমন প্রশ্নে মেহেদী হাসান জানান কোম্পানীকে দেখাতে আমরা কাজ করি কি না। তাই বাধ্য হয়ে প্রতিদিনিই আসতে হয়।
ল্যাব এইড এর প্রতিনিধি আব্দুর রব বলেন, কোম্পানীকে প্রেসক্রিপ্সনের ছবি না দিলে চাকরী থাকবে না। তাই হাসপাতাল কতৃপক্ষ নিষেদ করলেও আসতে হয়।

ওষুধ লেখাতে ডাক্তারদের কোন উপঢৌকন দিতে হয় কিনা জানতে চাইলে আব্দুর রব বলেন, এগুলো কোম্পানী ঠিক করে। আমাদের কাজ প্রতি মাসে যেভাবেই হোক ৭০-৮০ হাজার টাকার ওষুধ বিক্রি করতে হবে।

হেলথ কেয়ার কোম্পানীর প্রতিনিধি শরিফুল বলেন, আমাদের অফিসিয়ালভাবে প্রেসক্রিপশন সার্ভে দেওয়া লাগে। সেজন্য নিষেধ থাকা সর্তেও আসতে হয়।

নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন ডাক্তার জানান, রিপ্রেজেন্টিভরা তো গরিব মানুষ, এদের পিছনে লেগে লাভ কি। কোম্পানীর চাপে পড়ে এদের আসতে হয়। উপঢৌকনের বিনিময়ে ওষুধ প্রেসক্রাইভ করার অভিযোগ অস্বীকার করেন ডাক্তাররা।

হাসপাতাল ক্যাম্প ইনচার্জ রাকিব জানান, বুধবার সকালের দিকে হাসপাতালের তত্বাবধায় তাহাজ্জেল হোসেন এক রিপ্রেজেন্টিভকে ধরে আমাদের কাছে দেয়। পরে মুচলেকা দিয়ে সে ছাড়া পাই। এসব কাজ

তত্বাবধায়কের না আপনাদের জানতে চাইলে তিনি বলেন, অবশ্যই আমাদের। আমরা হাসপাতালের পরিবেশ স্বাভাবিক সুষ্ঠ রাখতে সব সময় সোচ্চার থাকি।

এ বিষয়ে হাসপাতালের তত্বাবধায়ক তাহাজ্জেল হোসেন জানান, আমরা আমাদের মত চেষ্ট করি হাসপাতালের পরিবেশ ঠিক রাখতে। কিন্তু একা চেষ্ট করে লাভ কি, কেউ যদি সহযোগীতা না করে। আমি কিছু করতে গেলে আমাকে বিভিন্ন ধরনের হুমকি দেওয়া হয়।

মেপ্র/ইএম

গাংনীর এমপি সাহিদুজ্জামান খোকন এর সহধর্মিণীর উদ্যোগে কম্বল বিতরণ

মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন এর পত্নী লাইলা আরজুমান বানু শিলা’র উদ্যোগে উপজেলা সকল ইউনিয়ন পরিষদের মহিলা মেম্বরদের মাঝে শীত বস্ত্র বিতরণ করেন।

বুধবার বিকেলে এমপির নিজ বাসভবনে কম্বল বিতরণ অনুষ্ঠানে লাইলা আরজুমান বানু বলেন, মেয়েরা অল্পতে সন্তুষ্ট থাকলেও এই অল্পটুকুও কেউ দিতে চায়না। তাই এমপি সাহেবকে বলে মহিলা মেম্বরদের জন্য সামান্য হলেও শীত বস্ত্রগুলো রাখা হয়েছে। পরবর্তিতে চেষ্টা করব আরও বড় কিছু দিতে। এ সময় তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্য সকলের নিকট দোয়া প্রার্থনা করেন।

কম্বল বিতরণ অনুষ্ঠানে জেলা পরিষদের সদস্য ও উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মজিরুল ইসলাম,বিআরডিবি সমিতির সভাপতি আলি আজগর উপস্থিৎ ছিলেন। মোট ২৭ জন মহিলা মেম্বরদের মাঝে তিনটি করে কম্বল বিতরণ করা হয়।

মেপ্র/ইএম

মেহেরপুর কলেজ মোড়ে গণশৌচাগার পুনরুদ্ধার

মেহেরপুরের কলেজ মোড়ে দির্ঘদিন ধরে দখলে থাকা গনশৌচাগারটি অবশেষে উদ্ধার করা হয়েছে। বুধবার পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনের নেতৃত্বে অভিযান চালিয়ে সেটি উদ্ধার করা হয়। সেই সাথে পৌরসভার সকল পরিত্যাক্ত সম্পদ জন সাধারণের ব্যবহারের উপযোগী করে তোলা হবে।

মেহেরপুর পৌরসভার চলমান কাজ সম্পর্কে মেয়র বলেন, বসবাস যোগ্য মান সম্মত মেহেরপুর গড়ার লক্ষ্যে রাস্তা ঘাট সহ অবকাঠামো উন্নয়নের কাজ চলছে। অল্পদিনে মধ্যে এই চলমান কাজ শেষ হবে। যে কাজ গুলো এখনো শুরু হয়নি সে সব কাজ যেন দ্রুত শুরু হয় সে চেষ্টা চলছে।

এসময় উপস্থিত ছিলেন, টিআই-১ ইসমাইল, জেলা মটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান, কার্যনির্বাহী সভাপতি সোহেল আহমেদ প্রমুখ।

মুজিবনগরে তথ্য সেবা কেন্দ্রের উঠান বৈঠক

“শেখ হাসিনার সহায়তায়, তথ্য আপা পথ দেখায়” এ শ্লোগানে মুজিবনগরে ডিজিটাল বাংলাদেশ গড়তে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যেমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)বাস্তবায়নের লক্ষে মুজিবনগরে তথ্য সেবা কেন্দ্রের আয়োজনে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল সাড়ে এগারোটার দিকে মুজিবনগর কমপ্লেক্স শেখ হাসিনা মঞ্চে এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী। প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে তথ্য প্রযুক্তির বিভিন্ন সুবিধার বিষয় উপস্থিত সকলের সামনে বক্তব্য তুলে ধরেন জেলা প্রশাসক আতাউল গনি।

এ সময় উপজেলা শিক্ষা অফিসার বেলায়েত হোসেন, সমাজসেবা অফিসার আব্দুর রব, বাগোয়ান ইউপি চেয়ারমান আয়ূব হোসেন উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতেই উঠান বৈঠক অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া খন্দকার। অনুষ্ঠানে তথ্য আপা কার্যক্রম সংক্লান্ত সকল বিষয় প্রযেক্টরের মাধ্যেমে তুলে ধরা হয়।

মেহেরপুরের আমঝুপিতে জামাইয়ের হামলায় আহত শশুরের মৃত্যু

মেহেরপুরের আমঝুপিতে জামাইয়ের হামলায় আহত হাবিবুর রহমান পঁচা কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন।

মঙ্গলবার রাত ৮টার সময় কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।

বিস্তারিত আসছে……..

গাংনীতে কলেজ ছাত্রীর

আত্নহত্যা

মেহেরপুরের গাংনীর পলাশী পাড়া গ্রামে পারিবারিক কলহের জের ধরে মাছুরা খাতুন নামের এক কলেজ ছাত্রী আত্নহত্যা করেছে।

নিহত মাছুরা খাতুন (২২) পলাশী পাড়া গ্রামের আকবর আলী মন্ডলের মেয়ে ও গাংনী ডিগ্রী কলেজের দ্বাদশ শ্রেণীর প্রথম বর্ষের ছাত্রী।

আজ মঙ্গলবার বিকাল তিনটার সময় নিজ ঘরের সিলিং ফ্যানের সাথে ওড়না পেচিয়ে গলায় ফাঁস নিয়ে আত্নহত্যা করে কলেজ ছাত্রী মাছুরা খাতুন।

স্থানীয় সুত্রে জানাগেছে, কলেজ ছাত্রী মাছুরা খাতুন মঙ্গলবার সকালে তার পারিবারিক বিষয় নিয়ে বাকবিতন্ডা হয়। সারাদিন সে ঘরের মধ্যে ঘুমিয়ে ছিল।

পরে সিলিং ফ্যানের সাথে ঝুলন্ত অবস্থায় দেখে তাকে নামিয়ে স্থানীয় হাসপাতালে নিলে দায়িত্বরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন।

তবে কি কারনে কলেজ ছাত্রী আত্নহত্যা করেছে তা ক্ষতিয়ে দেখা দরকার বলে মনে করছেন স্থানীয়রা। পারিবারিক কলহ নাকী অন্য কোন ঘটনা তা উদঘাটন করার দাবী স্থানীয়দের।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমানকে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তিনি ফোন রিসিভ না করায় মন্তব্য বলা সম্ভব হয়নি।

মেপ্র/ আরপি

বাহারি ও রসালো পিঠার গন্ধে মাতলো ক্যাম্পাস

দুধপুলি, গোলাপের সিরা পাকান, জামাইপিঠা, মৌসুমি সন্দেশ, পাটিসাপটা, নকশি, হৃদয় হরণ, জামাই ভাজা, সরুপিঠা, আন্দোসা, ঝিনুক পিঠা, ইলিশ চিতাও, কলাই রুটি, শাহি টুকরা, লবঙ্গ লতিকা,

মালপোয়া । হরেক রকমের বাহারি ও রসালো পিঠার নাম এ গুলি।

নামগুলি শুনলেই জিভে জল আসার মত অবস্থা। নামগুলির সাথে জড়িয়ে আছে বাঙালির অস্তিত্ব। বিশেষ করে শীতকালে এ ধরণের পিঠা-পুলি আয়োজনের মধ্যে দিয়ে বাঙালি সংস্কৃতির চর্চা করে আসছেন আমাদের মা-বোনেরা।

‘বাঙালিত্বের চর্চা হোক অন্তরে বাহিরে’ এরকম রসালো ও ঐতিহ্যপূর্ণ পিঠাপুলি উৎসবের মধ্যে দিয়ে মঙ্গলবার দিনব্যাপী মেহেরপুর সরকারি কলেজে হয়ে গেলে পিঠা-পুলি উৎসব।

পিঠার সাথে মিলিয়ে বাহারি নামের স্টল দিয়ে এ উৎসব অনুষ্ঠিত জয়। ষ্টলগুলির মধ্যে কাশফুল, নীলাচল, মৌবন, চন্দ্রপুলি, মায়াজাল, রসনাবিলাস, বাঙালিয়ানা,পেটুকদের আড্ডা, স্বাদে বাঙালি, ভোজনবিলাস, আইনস্টাইন পিঠা ল্যাব অন্যতম। লাঠি খেলা, সঙ্গিত পরিবেশন ও নৃত্য পিঠা-পুলি উৎসবকে আরো প্রাণবন্ত করে।

মাটির হাড়িতে কয়লার আগুনে তুষের ধোঁয়া তৈরি করে উৎসবের উদ্বোধন করেন অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম। এসময় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মো: আতাউল গনি, পুলিশ সুপার এস এম মুরাদ আলী, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, সাহিত্যিক ড. গাজী রহমান।

মেহেরপুরের জেলা প্রশাসক মো: আতাউল গনি বলেন, ৫০ বছর আগে আমারা বাঙালি উৎসব গুলো করতে পারতাম না। স্বাধীনতা উত্তর বাংলাদেশে আমাদের এই প্রাণের উৎসব গুলো করতে পারছি। এ জন্য স্বাধীনতার সেই সূর্য সন্তানদের শ্রদ্ধাভরে স্মরণ করছি।

পুলিশ সুপার এস এম মুরাদ আলী বলেন, বাঙালির এই ঐতিহ্যপূর্ণ পিঠা উৎসবের আয়োজন করায় কলেজ কর্তৃপক্ষকে সাধুবাদ জানায়।

মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সরদার বলেন, ছাত্র-ছাত্রীদের অয়োজনে এই উৎসব দেখে আমি অভিভূত। আগামিতে আরো বড় পরিসরে এ ধরনের উৎসব করা হবে।

পিঠা-পুলি উৎসব বাস্তবায়ন কমিটির আহবায়ক সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন ধুমকেত বলেন, আবহমান বাংলার যে সমস্ত উৎসব আমরা দেখতে পাই পিঠা উৎসব তাদের একটি। মেহেরপুর সরকারি কলেজসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ২৬টি স্টল নিয়ে এই পিঠা উৎসবে অংশগ্রহণ করেছে।

মেপ্র/ইএম

মেহেরপুরের আমঝুপিতে মেয়ের বাবাকে কুপিয়ে হ‘ত্যার চেষ্টা

প্রেম করে বিয়ে করার বিরোধের জেরে ধরে মেয়ের বাবাকে কুপিয়ে হ’ত্যার চেষ্টা করেছে ছেলের পক্ষের লোকজন।

সোমবার দিবাগত রাত ১ টার দিকে মেহেরপুর সদর উপজেলার উপজেলার আমঝুপি গ্রামের উত্তরপাড়ায় এ ঘটনা ঘটেছে। আহত হাবিবুর রহমান পঁচাকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়া হয়েছে।

এদিকে ছেলে ফয়জদ্দিন, তারা বাবা আনিছুর, চাচা সাখাওয়াতকে আটক করেছে পুলিশ।

এলাকাবাসী জানায়, হাবিবুর রহমান পঁচা বাড়ির বারান্দায় ঘুমিয়ে ছিলেন। এসময় কে বা কারা বাড়িতে প্রবেশ করে পঁচাকে লক্ষ্য করে তারে ঘারে ধারালো অস্ত্র দিয়ে কোপায়। তার চিৎকারে হামলাকারী পালিয়ে যায়। পঁচাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হলে তাকে চিকিৎসক কুষ্টিয়া মেডিক্যালে রেফার্ড করেন। সেখানে তার অবস্থা আশংকাজনক হলে তাকে ঢাকায় রেফার্ড করা হয়।

এদিকে পঁচার স্বীকারোক্তী অনুযায়ী পুলিশ রাতে ফয়জদ্দিনসহ তিনজনকে আটক করেছে।

জানা গেছে, বছর খানেক আগে আনিছুর রহমানের ছেলে ফয়জদ্দিন ও হাবিবুর রহমান পঁচার মেয়ে আশা প্রেম করে বিয়ে করে। এ নিয়ে উভয় পরিবারের মধ্যে বিরোধ সৃষ্টি হয়। বিরোধের এক পর্যায়ে তাদের বিয়ে বিচ্ছেদ হয়। কিছুদিন আগে পুনরায় তারা দুজন বাড়ি থেকে পালিয়ে যায়। এ নিয়ে বিরোধ তুঙ্গে উঠে । সেই বিরোধের জের ধরে ঘটনা ঘটে।

এ ব্যাপারে মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান জানান, ধারণা করা হচ্ছে তার জামাই ফয়জদ্দিন এ ঘটনা ঘটিয়েছে। আমরা ফয়জদ্দিনসহ তিনজনকে আটক করেছি। পরে তাদের এজাহারের ভিত্তিতে পরবর্তি

ব্যবস্থা নেওযা হবে।

মেপ্র/ইএম

গাংনীতে মুক্তিযোদ্ধার স্ত্রীকে লাঞ্চিত ও কুটক্তি করার অভিযোগ পল্লী বিদ্যুৎ কর্মকর্তার বিরুদ্ধে

মেহেরপুরের গাংনীতে বীর মুক্তিযোদ্ধার স্ত্রীকে লাঞ্চিত ও কুটক্তি করার অভিযোগ উঠেছে মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দী পল্লী বিদ্যুৎ সমিতি সাবেক সহকারী জেনারেল ম্যানেজার মোতাচ্ছিম বিল্লাহর বিরুদ্ধে।

গত ১৩ জানুয়ারী দুপুরে গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের মরহুম বীর মুক্তিযোদ্ধা আব্দুল গনীর স্ত্রী মোমেনা খাতুনকে তার বাড়িতে গিয়ে লাঞ্চিত ও তার ছেলে জাহাঙ্গীর আলম লিটনের নামে মিথ্যা মামলা দায়ের করেছে বলে অভিযোগ করেন তিনি।

এ ঘটনায় মোতাচ্ছিম বিল্লাহর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি করেছেন বীর মুক্তিযোদ্ধার স্ত্রী মোমেনা খাতুন।

বীর মুক্তিযোদ্ধা আব্দুল গনীর স্ত্রী মমেনা খাতুন অভিযোগ করে বলেন, আমার জরাজীর্ন ঘর ভেঙ্গে নতুন ঘর নির্মাণ কাজ শুরু হয়। নির্মানাধীন ঘরের পার্শে একটি বৈদ্যতিক পোল ও একটি গাছ রয়েছে। ঘর নির্মানের জন্য গাছটি কাটতে গেলে বিদ্যুতের তারের সাথে গাছের পাতা জড়িয়ে আগুন ধরে যায়। একারনে কিছু সময়ের জন্য বিদ্যুৎ বন্ধ রাখার জন্য আমার ছেলে বামুন্দী পল্লী বিদ্যুৎ অফিসে গিয়ে যোগাযোগ করে। বিদ্যুৎ বন্ধ করা নিয়ে আমার ছেলে সাথে বাকবিতন্ডায় জড়িয়ে পড়ে সহকারী জেনারেল ম্যানেজার মোতাচ্ছিম বিল্লাহ।

এ ঘটনায় উল্টো আমার ছেলে বিরুদ্ধে একটি মামলা করে। মামলা হওয়ার পর পরই ক্ষোভের কারনে আমার স্বামীর নামের মিটার খুলে নিতে আসেন সহকারী জেনারেল ম্যানেজার মোতাচ্ছিম বিল্লাহ সহ তার কর্মীরা।

এসময় মিটার খুলে নেওয়ার কারণ জানতে চাইলে আমাকে লাঞ্চিক করে এবং আমি বীর মুক্তিযোদ্ধার স্ত্রী পরিচয় দেওয়ার পরপরই মুক্তিযোদ্ধাদের নিয়ে তিনি কুটক্তি করেন। বীর মুক্তিযোদ্ধা আব্দুল গনীর স্ত্রী মমেনা খাতুন আরো অভিযোগ করে বলেন, লাঞ্চনা ও কুটক্তির বিচার পাওয়ার জন্য তিনি সরকার ও প্রশাসনের কাছে জোর দাবি করেন।

বীর মুক্তিযোদ্ধার স্ত্রীকে লাঞ্চনা ও কুটক্তির বিষয়ে বামুন্দী পল্লী বিদ্যুৎ সমিতি সাবেক সহকারী জেনারেল ম্যানেজার মোতাচ্ছিম বিল্লাহ বলেন, বিদ্যুৎ বন্ধ করা নিয়ে বীরমুক্তিযোদ্ধা মৃত আব্দুল গনীর ছেলে ইউপি সদস্য জাহাঙ্গীর আলম লিটন আমাকে মারধর করে। এ কারণে তার বিরুদ্ধে একটি মামলা দায়ের করি। এরপর মিটারটি অরক্ষিত ছিলো একারণে খুলে আনা হয়েছে। কোন লাঞ্চিত বা কুটক্তিকরা হয়নি।

সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুন্তাজ আলী বলেন, একজন বীর মুক্তিযোদ্ধার স্ত্রীকে লাঞ্চিত ও কুটক্তি করে থাকলে অবশ্যই অভিযুক্তের বিরুদ্ধে যে কোন পদক্ষেপ নেয়া হবে। মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি জেনারেল ম্যানেজার নুর মোহাম্মদ বলেন, মিটার খুলে আনার সময় পুলিশ, স্থানীয় লোকজন ও বিদ্যুৎ বিভাগের কর্মীরা ছিলো। সেখানে লাঞ্চিত বা কুটক্তির কোন ঘটনা ঘটেছে বলে মনে হয় না।

যেহেতু ঐ ঘটনায় একটি মামলা হয়েছে প্রতিহিংসার কারণে অভিযোগ করছে হয়তো। যেহেতু একটা অপ্রিতিকর ঘটনা ঘটেছে সে কারণে বামুন্দী পল্লী বিদ্যুৎ সমিতি সহকারী জেনারেল ম্যানেজার মোতাচ্ছিম বিল্লাহকে মুজিবনগরে বদলী করা হয়েছে।

বর্তমান কমান্ডারের দায়িত্বে থাকা গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান বলেন, লিখিত কোন অভিযোগ এখন পর্যন্ত আমার হাতে আসেনি। লিখিত অভিযোগ পেলে অবশ্যই বীর মুক্তিযোদ্ধার স্ত্রীকে লাঞ্চনা ও কুটক্তির বিষয় তদন্ত করে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

মেপ্র/ আরপি